



মির্জা আব্বাসের অবস্থার উন্নতি, সিসিইউ থেকে কেবিনে স্থানান্তর



বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস। ছবি : সংগৃহীত

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাসের শারীরিক অবস্থার উন্নতি হয়েছে। চিকিৎসকদের তত্ত্বাবধানে থাকা অবস্থায় তাকে সিসিইউ থেকে কেবিনে নেওয়া হয়েছে।

শুক্রবার ভোরে সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে এই পরিবর্তন আনা হয় বলে বিএনপির মিডিয়া উইং জানিয়েছে। চিকিৎসকদের মতে, তিনি ধীরে ধীরে সেরে উঠছেন এবং এখন সীমিতভাবে কথা বলতেও পারছেন।

এর আগে ১১ মার্চ ইফতারের সময় হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে ঢাকার এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার মস্তিষ্কে অস্ত্রোপচার করা হয়। পরবর্তীতে উন্নত চিকিৎসার জন্য ১৫ মার্চ এয়ার অ্যাম্বুলেন্সে তাকে সিঙ্গাপুরে নেওয়া হয়।

LENS ASIA